

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ৩১ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ/১৪ মে, ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নং ১১৩-আইন/২০২০/৯৬-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর নিম্নবর্ণিত সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

- (ক) বিধি (৫) এর উপ-বিধি (৪) এর টেবিলের—
- (অ) ক্রমিক নং (২) এর বিপরীতে কলাম (৫) এর ‘হালকা নীল’ শব্দগুলির পরিবর্তে ‘হালকা সবুজ’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (আ) ক্রমিক নং (৩) এর বিপরীতে কলাম (৫) এর ‘হালকা সবুজ’ শব্দগুলির পরিবর্তে ‘হালকা মেরুন’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ১১ এর উপ-বিধি (৩) এর “পরিশোধিত মুসক” শব্দগুলির পর “ও সম্পূরক শুল্ক” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
চেয়ারম্যান।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(৩৮১৭)

মূল্য : টাকা ৪.০০